দর্শনায় বাড়ি থেকে অপহরণের পর নারী মৃতদেহ উদ্ধার

দামুড়হুদার দর্শনায় মনজুরা খাতুন মিম (৩২) নামের এক নারীকে রাতে তুলে নিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় আহত হয়েছেন তার ভাই আলমগীর হোসেন (৩০)। শনিবার (২১ অক্টোবর) রাতে মোহাম্মদপুর এলাকায় এই ঘটনা ঘটে।

নিহত মনজুরা খাতুন মিমের লাশ তার বাড়ির পাশের বেগুনক্ষেত থেকে উদ্ধার করেছে পুলিশ। আহত আলমগীর আশঙ্কাজনক অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি রয়েছেন।

স্থানীয়রা জানান, শনিবার রাত ১০টার দিকে বেশ কয়েকজন দুর্বৃত্তরা দর্শনা মোহাম্মদপুরের আলমগীরের বাড়িতে আসে। এ সময় আলমগীরকে বাড়ি থেকে তুলে নিয়ে যেয়ে হাত-পা বেঁধে পাশের মাঠে রাখে। এ সময় তার বোন মনজুরা খাতুন প্রতিবাদ করলে তাকে ধরে তুলে নিয়ে যায়। রাতভর নিখোঁজ থেকে সকালে তাদের বাড়ির পাশের বেগুনক্ষেতে মনজুরার বিবস্ত্র লাশ পাওয়া যায়।

খবর পেয়ে সকালে চুয়াডাঙ্গার সহকারী পুলিশ সুপার (দ◌ামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা ও দর্শনা থানা-পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন।

দামুড়হুদার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শনে জেলা প্রশাসক ও পুলিশ সুপার

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপার দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন করেছেন।

শনিবার দুপুর ১ টার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ সরেজমিনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা ও জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন পরিদর্শন করেন। পূজা মণ্ডপ পরিদর্শনকালে জেলা প্রশাসক ও পুলিশ সুপার সনাতন ধর্মাবলম্বী ভক্ত বৃন্দের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং পূজার নিরাপত্তাসহ সার্বিক খোঁজখবর নেন।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা জেলায় এ বছর ১২১টি পূজামণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। প্রতিটি পূজা মণ্ডপে নিজস্ব সেচ্ছাসেবক ছাড়াও সার্বক্ষণিক পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা উপস্থিত রয়েছেন । এছাড়াও সাদা পোশাকে ডিবি, ডিএসবি এবং ট্রাফিক পুলিশ সার্বক্ষণিক মাঠে কাজ করছেন।পূজা মন্ডপ পরিদর্শন কালে আরও উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, পুলিশ পরিদর্শক (নিঃ) অফিসার ইনচার্জ, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের ইনচার্জ মাহমুদুর রহমান সহ বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ।

আলমডাঙ্গায় দিলীপ কুমার

আগরওয়ালার কর্মীসভা

আলমডাঙ্গায় দিলীপ কুমার
আগরওয়ালার কর্মীসভা

কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালার পক্ষে আলমডাঙ্গার জামজামি ইউনিয়নে এক কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার ২১ অক্টোবর বিকেলে জামজামি বাজারে দিলীপ আগরওয়ালার সমর্থক গোষ্টির ব্যানারে এ কর্মি সভা ও শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।
কর্মি সমাবেশে দিলীপ কুমারর আগরওয়ালা বলেন-দেশের জনগণকে সাথে নিয়ে বিএনপি-জামাতের আগুন সন্ত্রাসের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। বিএনপি-জামায়াত এদেশে র উন্নয়নে বাঁধাগ্রস্ত করতে ষড়যন্ত্র লিপ্ত। তারা আবারও দেশে জ্বালাও পোড়াওয়ের রাজনীতি শুরু করতে চাই।
মনে রাখবেন সঠিক সময়ে সংবিধান অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচন হবে। বিএনপি-জামায়াত কিন্তু বানচাল করার জন্য ষড়যন্ত্র করছে। যদি তারা নির্বাচন বানচাল করার চেষ্টা করে তাহলে জনগণ বিএনপি-জামায়াতের এই চক্রান্ত প্রতিহত করবে।
আপনারা মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন বাড়ি বাড়ি গিয়ে মানুষের মাঝে তুলে ধরবেন। আজকে সাধারণ মানুষ কেনো নৌকায় ভোট দিবে? কারণ এই সরকারের আমলে দেশ উন্নয়নেন রোল মডেল হিসেবে পৃথিবীর বুকে এগিয়ে চলেছে।
উন্নয়নের এই ধারা অব্য্হত রাখতে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে। আমি বলি উন্নয়নের সরকার,বার বার দরকার। শেখ হাসিনার সরকার, বারবার দরকার।
তিনি বলেন,আমি কেনো আপনাদের কাছে এসেছি। আমি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন মানুষের মাঝে তুলে ধরতেই আপনাদের কাছে এসেছি। এবং নৌকার পক্ষে ভোট চাইতে এসেছি। নৌকা যেই পাক আমি নৌকার পক্ষের মানুষ। যিনি নৌকা পাবেন আমি তাঁকে বলবো তিনি যেনো স্মার্ট চুয়াডাঙ্গা গড়ে।
যদি আমি সুযোগ পাই,যদি জনপ্রতিনিধি হতে পারি তাহলে আপনাদের সাথে

নিয়ে স্মার্ট চুয়াডাঙ্গা গড়তে কাজ করবো।
কর্মী সভায় সভাপতিত্ব করেন আওয়ামী লীগ নেতা এস এম আশরাফুল করিম রিপন শাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক কাউসার আহমেদ বাবলু, ৭১’র অগ্নিসেনা বীর মুক্তিযোদ্ধা মঈনদ্দীন পারভেজ,পদ্মবিলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবু তাহের বিশ্বাস,মোমিনপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার,কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শাখাওয়াত হোসেন টাইগার, গাংনি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রাকিবুল হাসান। ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপু, উপজেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ন সম্পাদক হাজী রবিউল হক,জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক চিৎলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জিল্লুর রহমান, জেলা মৎসজীবি লীগের সভাপতি শাহাবুল হক, খাদিমপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম,জামজামি ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারন সম্পাদক কামাল হোসেন প্রমুখ।

দর্শনায় গাঁজাসহ গ্রেফতার-২

দর্শনার হিজলগাড়ী ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে গাঁজাসহ তুহিন হোসেন ও রাজু আহম্মেদকে গ্রেফতার করেছে।

শুক্রবার দুপুর ১টার দিকে দর্শনা-হিজলগাড়ী সড়কের জোবালনুর মসজিদের সামনে হিজলগাড়ী ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালায়। এসময় পুলিশ একটি মাটরসাইকেলের গতিরোধ করে আরহীদের দেহতল্লাশী করে ৫শ গ্রাম গাঁজা পেয়ে,নেহালপুর ইউনিয়নের কষ্ণপুর স্কুল পাড়ার শফিকুল ইসলামের ছেলে তুহিন হোসেন (৩০) ও কোটালী গ্রামের আব্দুল মমিনের ছেলে রাজু আহম্মদকে (৩৫) গ্রেফতার করে। দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, গোপন সংবাদের ভিত্তীতে হিজলগাড়ী ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই

শেখ রকিবুল ইসলাম এবং সঙ্গীয় ফোর্স নিয়ে শুক্রবার দুপুরে অভিযান চালিয়ে তুহিন ও রাজুকে ৫শ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করা হয়। এসময় তাদের ব্যবহৃত মোটরসাইকলটি জব্দ করা হয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গার গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ৫ নম্বর গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল সাড়ে ১০ টায় আসমানখালি মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু তাহেরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

কর্মী সভায় প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়াদ্দার বলেন, আগামী নভেম্বরের প্রথম সপ্তাহে নির্বাচনের তফসিল ঘোষনা হবে। যথা সময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই সরকারের ক্ষমতায় থেকেই নির্বাচন হবে। এই কর্মী সভায় আপনারা আপনাদের মুখ দিয়ে যে উন্নয়নের কথা আসলো, এই উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দিয়ে পূণরায় আওয়ামীলীগ সরকারকে ক্ষমতায় আনতে হবে। আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে দেশের উন্নয়ন হয় সাধারণ মানুষ শান্তিতে থাকে। আওয়ামীলীগ মানেই উন্নয়ন। আজ কেউ না খেয়ে নেই। মানুষের অভাব নেই, এদেশের মানুষ ভালো আছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম টোটন জোয়াদ্দার, সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, সাবেক জেলা আওয়ামীলীগ যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক আরশাদ আলী চন্দন, উপ-প্রচার সম্পাদক শওকত আলী,

আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা।

চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আ.কাদের, সাবেক জেলা যুবলীগের সভাপতি আরেফিন রঞ্জু, সাবেক জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুর রশিদ, সাবেক জেলা কৃষকলীগের সহ-সভাপতি চন্দন,গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি ও চেয়ারম্যান মুন্সি এমদাদুল হক, ডা.জয়নাল আবেদিন, আ. রাজ্জার, আ. খালেক, এছার আহমেদ, সামসুর রহমান সামু, মুন্সি মজিবুল হক, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য জহুরুল ইসলাম, এ্যাডঃ মুন্সি সিরাজুল ইসলাম।

গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আবু সাইদ আব্দুল্লাহ’র সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন ১ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি লিমন হোসেন, সাধারণ সম্পাদক আশাবুল হক, ২ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি জহুরুল ইসলাম, সাধারণ সম্পাদক নওশেদ আলী, ৩ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আমজাদ হোসেন, সাধারণ সম্পাদক আনিছুর রহমান, ৪ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি বেল্টু, সাধারণ সম্পাদক কালু, ৫ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক মজিবুল হক। এছাড়া কর্মী সভায় ইউনিয়ন আওয়ামীলীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা শিক্ষার্থীর মৃত্যু

আলমডাঙ্গার ছত্রপাড়ায় ইজিবাইকের ধাক্কায় আফিয়া (৬) নামের এক মাদ্রাসা শিক্ষার্থী নিহত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলার ডাউকি ইউনিয়নের ছত্রপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত আফিয়া ছত্রপাড়া গ্রামের আফজাল হোসেনের কন্যা। সে স্থানীয় নুরানি মাদ্রাসার প্রথম শ্রেণীর ছাত্রী ছিল।

স্থানীয়রা জানায়, আফিয়া বেলা সাড়ে ১২ টার দিকে মাদ্রাসা থেকে

বাড়ি ফিরছিল। পথে রাস্তা পারাপারের সময় একটি ইজিবাইক তাকে চাপা দেয়। এ ঘটনায় স্থানীয়রা ওই ইজিবাইককে ধাওয়া করলে সে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে আলমডাঙ্গা হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক আফিয়াকে ভর্তি করেন। তার শারীরিক অবস্থা অবনতি হলে বিকেলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। পথেই আফিয়ার মৃত্যু হয়। সন্ধ্যার পর পুলিশ আফিয়ার লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করেছে।

আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) মারজাহান জানান, শিশু আফিয়ার লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। এ ঘটনায় শিশুর পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা করেছেন।

আলমডাঙ্গায় বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

আলমডাঙ্গায় বিশ্ব হাত ধোয়া দিবস পালিত হয়েছে। আজ সকাল ১১টায় আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যৌথ উদ্যোগে উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা চত্বরে এসে শেষ হয়।

র্যালী শেষে এ সময় দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে অনুষ্ঠানে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী আব্দুর রশিদ নিজে হাত ধুয়ে বিদ্যালয়ের শিক্ষার্থীদের সঠিকভাবে হাত ধোয়ার নিয়ম সম্পর্কে অবহিত করেন।

পরে সংক্ষিপ্ত আলোচনা সভায় উপজেলা নিবার্হী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার (ভূমি)

রেজওয়ানা নাহিদ, থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ। কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন সমাজসেবা অফিসার নাজমুল হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,আলমডাঙ্গা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোনায়েম হোসেন,প্রভাসক ড,মাহবুবুর রহমান, উপজেলা প্রকৌশলী আরিফুউদ্দৌলা,সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল হক খান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, জনস্বাস্থ্য সহকারি প্রকৌশলী আব্দুর রশিদ,আবাসিক প্রকৌশলী মুন্সি জহুরুল হক,উপ-সহকারি প্রকৌশলী রোকুনুজ্জামান, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, আনসার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম, ইন্সট্রাক্টর জামাল উদ্দিন,বিআরডিবি কর্মকর্তা শায়লা সারমিন,আব্দুল মান্নান, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারিস উদ্দিন, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক হাসিনুর রহমান, হাটবোয়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর অধ্যক্ষ শামীমা নাসরিন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম প্রমুখ। সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় শেখ রাসেল দিবস উদযাপন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে র্যালি, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্টান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

দিবসটির শুরুতে আজ সকাল ১০টায় উপজেলা পরিষদের চত্বরে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা প্রশাসন।

পুষ্পস্তবক শেষে উপজেলা পরিষদের চত্বর থেকে একটি র্যালি বের হয়ে আলমডাঙ্গা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা চত্বরে

এসে শেষে হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে শেখ রাসেলের উপর স্মৃতিচারণ করে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ। কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন সমাজসেবা অফিসার নাজমুল হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, উপজেলা প্রকৌশলী আরিফুউদ্দৌলা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, জনস্বাস্থ্য সহকারি প্রকৌশলী আব্দুর রশিদ,আবাসিক প্রকৌশলী মুন্সি জহুরুল হক, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, আনসার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম, ইন্সটেক্টর জামাল উদ্দিন, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারিস উদ্দিন, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক হাসিনুর রহমান, হাটবোয়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এর অধ্যক্ষ শামীমা নাসরিন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম প্রমুখ।

দর্শনায় গাঁজা ও বাংলামদসহ ৪ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ পৃথক পৃথক অভিযান চালিয়ে ২০ লিটার বাংলামদ ১ কেজি গাঁজাসহ ৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ ।

জানাগেছে আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা’র নেতৃত্বে অভিযান চালায় বিভিন্ন

এলাকায়,পুলিশ দর্শনা থানার বেগমপুর ইউনিয়ের আকন্দবাড়িয়া আবাসন প্রকল্পের সামনে।

এ সময় দর্শনা থানার এস আই ফাইম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় আকন্দবাড়িয়া আবাসনের পাকা রাস্তার উপর। এ সময় পুলিশ দক্ষিন চাঁদপুর স্টেশনপাড়ার মৃত ঠান্ডু শেখের ছেলে সুজন হোসেন ওরফে রানা (২৫)কে ৫শ গ্রাম গাঁজাসহ আটক করে। অপরদিকে গতকাল মঙ্গলবার রাত ১১ টার দিকে দর্শনা রেল বাজারে দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২০ লিটার বাংলামদসহ দর্শনা ইসলামবাজার পাড়ার শহিদুল ইসলামের ছেলে সোহেল রানা (৩৬) কে গ্রেফতার করেছে।

পুলিশ সুত্রে জানাগেছে গতকাল মঙ্গলবার রাত ১১ টার দিকে দর্শনা রেল বাজার কাঁচা বাজারের ইউনুচের দোকানের সামনে অভিযান চালায় দর্শনা থানার এস আই টিপু সুলতান। পুলিশ দোকানের সামনে থাকা ড্রামভর্তি ২০ লিটার বাংলামদসহ দীর্ঘদিনের মদ ব্যাবসায়ী সোহেল রানাকে গ্রেফতার করে। এদিকে একই দিন অভিযান চালায় দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর ঈদগা পাড়ায়। পুলিশ অভিযান চালিয়ে ৫শ গ্রাম গাঁজাসহ ২ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায় গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টার দিকে ঈশ্চরচন্দ্রপুর ঈদগাহপাড়ার বাঁশের তৈরি দক্ষিন দুয়ারী রান্না ঘরের ভিতর থেকে মৃত্য আমজাদ মন্ডলের ছেলে গাঁজা ব্যাবসায়ী সোহাগ মন্ডল (৩৭) ও শ্যামপুর গ্রামের নুর ইসলামের ছেলে আব্দুল মোতালেবকে (৩০)গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। গতকালই তাদেরকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

জীবননগরে শেখ রাসেলের ৬০ তম জন্মদিন পালন

জীবননগরে শেখ রাসেলের ৬০তম জন্মদিন পালিত হয়েছে। আজ বুধবার সকাল ৯টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

অধিদপ্তরের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেল এঁর ৬০তম জন্মদিন ও শেখ রাসেল দিবস
- ২০২৩ উপলক্ষে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা সহকারী কমিশনার ভূমি তিথি মিত্রর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, জীবননগর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলমসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন স্কুলের শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।